একটি মাসিক 'ই' সাময়িকী
পদক্ষেপ বার্তা
বর্ষ: ১৩ | সংখ্যা: ১৫৩ | নভেম্বর ২০২৫
www.padakhep.org



Knowledge Connect: ICT and LEAP শীর্ষক কর্মশালা

পৃষ্ঠা ০২



কিশোরী ক্লাবে প্রতিযোগিতা অনুষ্ঠিত

পৃষ্ঠা ০৭

# দুই তরুণের আত্মনির্ভরতার গল্প

পটুয়াখালীর গলাচিপায় এক কৃষিভিত্তিক পরিবারে জন্ম নেওয়া সাব্বির আহমেদ, আর চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় চার সদস্যের পরিবারের দায়িত্ব কাঁধে নেওয়া মোহাম্মদ সাইফুল– দুই তরুণই বড় হয়েছেন সীমিত সুযোগ-সুবিধা ও আর্থিক চাপের মধ্য দিয়ে। প্রযুক্তি ও আইটির প্রতি প্রবল আগ্রহ থাকা সত্ত্বেও পারিবারিক দায়িত্ব ও পেশাদার প্রশিক্ষণের অভাব তাঁদের স্বপ্নের গতিকে ধীর করে দিয়েছিল। সাব্বির ২৫ বছর বয়সে, আর সাইফুল ৩০ বছর বয়সে পরিবারে প্রধান উপার্জনকারীর ভূমিকায় অবতীর্ণ হন। কিন্তু এর মাঝেও তাঁদের ক্যারিয়ার দর্শন ছিল পরিবর্তনের প্রত্যয়ে দৃঢ়। ২০২৩ সালের আগস্টে তাঁরা জানতে পারেন, পদক্ষেপ, পিকেএসএফ ও বিশ্বব্যাংকের আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত RAISE প্রকল্পএর মাধ্যমে স্বল্প আয়ের পরিবারের বেকার তরুণদের জন্য ৬ মাসের হাতে-কলমে কারিগরি প্রশিক্ষণ এবং ৫ দিনের জীবন দক্ষতা উন্নয়ন কর্মসূচি পরিচালনা করছে। কামাল হোসেন এর তত্ত্বাবধানে তাঁরা দু'জনই IT Support Technician ট্রেডে প্রশিক্ষণ নেন ১ সেপ্টেম্বর ২০২৩ - ২৮ ফেব্রুয়ারি ২০২৪। এই ছয় মাসে তাঁরা কম্পিউটার হার্ডওয়্যার সার্ভিসিং, উইন্ডোজ সেটআপ ও কনফিগারেশন, সফটওয়্যার ও হার্ডওয়্যার সমস্যা সমাধান, ওয়েবসাইট ও ডাটাবেস ব্যবস্থাপনা, ডিজিটাল মার্কেটিংয়ের মৌলিক কৌশল এবং দক্ষ কাস্টমার সাপোর্টের মতো প্রয়োজনীয় প্রযুক্তিগত দক্ষতা অর্জন করেন। পাশাপাশি জীবন-দক্ষতা প্রশিক্ষণ তাঁদের ব্যক্তিত্ব ও কর্মদক্ষতাকে আরও শাণিত করেছে। এছাড়া যোগাযোগে সাবলীলতা এসেছে, দলগত কাজে নেতৃত্ব দেওয়ার মানসিকতা এবং দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও কার্যকর সমস্যা সমাধানের সক্ষমতা তৈরি হয়েছে। আর সময় ও সম্পদ ব্যবস্থাপনায় তাঁরা হয়ে উঠেছেন আরও পরিপক্ব। প্রশিক্ষণ শেষে তাঁরা গুরু কামালের প্রতিষ্ঠান ইজি টেকনোলজিতে পেশাগত দায়িত্ব পালন শুরু করেন। আজ তাঁদের পরিবারে এসেছে আর্থিক স্থিতি, সামাজিক সম্মান, আত্মবিশ্বাস ও স্বাধীনতার নতুন স্বাদ। পাশাপাশি সাইফুলের চলমান কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে বি.এস. সি অধ্যয়ন তাঁর ভবিষ্যৎ উদ্যোক্তা পরিকল্পনাকে দিচ্ছে আরও শক্ত ভিত। এখন তাঁদের লক্ষ্য একটাই, নিজস্ব আইটি প্রতিষ্ঠান বা প্রযুক্তিভিত্তিক কোম্পানি গড়ে তোলা। যেখানে তাঁরা আধুনিক প্রযুক্তি সেবা প্রদান এবং স্থানীয় তরুণদের জন্য কর্মসংস্থান সৃষ্টি করবেন। তাঁদের সাফল্য প্রমাণ করেছে প্রতিকূল পরিবেশও বাধা নয়, যদি সঙ্গে থাকে মানসম্মত প্রশিক্ষণ, যোগ্য মেন্টরিং এবং স্বপ্নকে বাস্তবে রূপ দেওয়ার অদম্য ইচ্ছা।





## Knowledge Connect: ICT and LEAP শীর্ষক কর্মশালা

আজকের প্রযুক্তি নির্ভর বিশ্বে দক্ষ মানবসম্পদ, তথ্য নিরাপত্তা এবং স্বয়ংক্রিয় কর্মপ্রবাহ এর সমন্বয়ই একটি প্রতিষ্ঠানের টেকসই প্রবৃদ্ধি নিশ্চিত করে। সেই লক্ষ্যকে সামনে রেখে দেশব্যাপী Knowledge Connect: ICT and LEAP শীর্ষক কর্মশালা দেশের বিভিন্ন অঞ্চলে সফলভাবে অনুষ্ঠিত হচ্ছে। এর মধ্যে গত ২৪ অক্টোবর চট্টগ্রাম উত্তর জোন, ২৫ অক্টোবর চট্টগ্রাম পার্বত্য জোন, ৭ নভেম্বর দিনাজপুর জোন, ৮ নভেম্বর রংপুর জোন, ২১ নভেম্বর সিলেট, হবিগঞ্জ ও সুনামগঞ্জ এরিয়া, ২২ নভেম্বর ব্রাহ্মণবাড়িয়া, আশুগঞ্জ, বাঞ্ছারামপুর ও তন্তর এরিয়া, ২৭ নভেম্বর বগুড়া এবং ২৮ নভেম্বর রাজশাহী জোনের কর্মশালা সম্পন্ন হয় যা এখনো চলমান । আয়োজিত সেশনগুলোতে Cyber Security & Data Privacy, Team Tracker, Padakhep Action Express, Loan Amortization, KYC Update & Credit Rating System, Dynamic Leave Approval System, LEAP Products Sales Technique, After Sales Service এবং পদক্ষেপ এর Safeguarding বিষয়ে অভিজ্ঞজনেরা আলোচনা উপস্থাপন করেন। প্রতিটি কর্মশালায় পরিচালক (আইসিটি এবং এন্টারপ্রাইজ) মুহাম্মদ আবরাফি সিদ্দিক পরিচালিত Open Discussion অংশে প্রতিটি টিম নিজেদের অভিজ্ঞতা, এলাকাভিত্তিক চ্যালেঞ্জ ও সম্ভাব্য উন্নয়ন নিয়ে স্বতঃস্ফূর্তভাবে মতবিনিময় করেন, যা পদক্ষেপ এর কর্মপরিবেশে যুগান্তকারী প্রভাব ফেলবে বলে আশা করা যায় ।

## সমৃদ্ধি প্রকল্পের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম



### মেডিসিন বিষয়ক স্বাস্থ্য ক্যাম্প

সুনামগঞ্জের গৌরারং ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচির আওতায় পিকেএসএফ-এর সহযোগিতায় ও পদক্ষেপ এর আয়োজনে বিনামূল্যে মেডিসিন বিষয়ক স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়। হাজী আব্দুস সত্তার ও মরিয়ম উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত ক্যাম্পটিতে মোট ২১৭ জন রোগী চিকিৎসাসেবা ও ঔষধ গ্রহণ করেন। ক্যাম্পে সেবা প্রদান করেন ডা. শফিকুল ইসলাম ও ডা. শতাব্দী ভট্টাচার্য। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন স্থানীয় জনপ্রতিনিধি, বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, সহকারী ব্রাঞ্চ ম্যানেজার, প্রকল্প সমন্বয়নকারী ও অন্যান্য কর্মীবৃন্দ। ক্যাম্পটি পরিচালনা করেন স্বাস্থ্য কর্মকর্তা দীপংকর মালাকার ও স্বাস্থ্য পরিদর্শকবৃন্দ এবং সার্বিক সহায়তায় ছিলো পদক্ষেপ এর কর্মীবৃন্দ।



### উপজেলা পর্যায়ে সেমিনার অনুষ্ঠিত

সমৃদ্ধি কর্মসূচির আওতায় 'তারুণ্যের উৎসব ২০২৫' উদযাপন উপলক্ষে ৩০ অক্টোবর ২০২৫ তারিখে '৩৬ জুলাইয়ের স্বপ্ন: নতুন বাংলাদেশ গঠনে তারুণ্যের ভূমিকা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি উমেদশ্রী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এনামুল হক এবং বিশেষ অতিথি হিসেবে সুনামগঞ্জ সদর হাসপাতালের চিকিৎসক ডা. শফিকুল ইসলাম উপস্থিত ছিলেন। এছাড়া অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচির স্বাস্থ্য কর্মকর্তা দীপংকর মালাকার, স্বাস্থ্য পরিদর্শক রত্না রানী দাস, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং বিভিন্ন ওয়ার্ডের যুব সদস্যবৃন্দ। সেমিনার শেষে 'তারুণ্যের উৎসব, গ্রাহক সেবা' উপলক্ষে স্যাটেলাইট ক্লিনিকের স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালিত হয়, যেখানে প্রায় ১০০ জন রোগী চিকিৎসাসেবা গ্রহণ করেন।

প্রমিস
ফার্মেসি অ্যান্ড ইজি শপ
বাড়ির পাশেই বিশ্বস্ততার নাম

## অ্যাজমা

শীতের ঠান্ডা ও শুষ্ক বাতাস অ্যাজমা বাড়িয়ে দেয়। কাশি, শ্বাসকষ্ট ও বুকে চাপ বোধ করা সাধারণ সমস্যা, তাই সতর্ক থাকা জরুরি।

**লক্ষণ**


- শ্বাস নিতে কষ্ট হওয়া
- বুকে চাপ বোধ করা
- বারবার শুকনো কাশি
- ঠান্ডা বাতাসে কাশি বেড়ে যাওয়া
- রাতে বা ভোরে শ্বাসকষ্ট বেড়ে যাওয়া

**প্রতিরোধ**

- বাইরে গেলে মাস্ক পরা
- ধূলাবালি ও ধোঁয়া এড়িয়ে চলা
- ঘর-বিছানা-পর্দা নিয়মিত পরিষ্কার রাখা
- পর্যাপ্ত পানি পান করা

**প্রতিকার**

- ডাক্তারের দেয়া ইনহেলার নিয়মিত ব্যবহার
- হঠাৎ কষ্ট বাড়লে রিলিভার ইনহেলার ব্যবহার
- বাষ্প নেওয়া
- উপসর্গ গুরুতর হলে দ্রুত হাসপাতালে যাওয়া



# 'আরএমটিপি' প্রকল্পের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম



## সম্মাননা প্রদান কর্মশালা আয়োজন

স্মরণাতীত কাল থেকে বাংলাদেশের মানুষের দৈনন্দিন খাদ্য তালিকায় মাছ অপরিহার্য অংশ হিসেবে বিবেচিত হয়ে আসছে। 'পিকেএসএফ' এর সহায়তায় 'পদক্ষেপ' 'আরএমটিপি' প্রকল্পের মাধ্যমে গোপালগঞ্জ জেলার প্রান্তিক মৎস্য চাষিদের উন্নয়নে কাজ করছে। চাষিদের নিরাপদ মৎস্য চাষ ও উৎপাদন বৃদ্ধি, প্রক্রিয়াজাত পণ্যের বাজার তৈরি, উদ্যোক্তাদের আয় বৃদ্ধিসহ খাবারের পুষ্টিমান বৃদ্ধি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এরই অংশ হিসেবে প্রান্তিক চাষিদের মাছ চাষে আরো উৎসাহিত করতে ১৯ নভেম্বর ২০২৫ তারিখে গোপালগঞ্জ জেলা মৎস্য কার্যালয়ে একটি মেন্টরিং প্রোগ্রাম ও সম্মাননা প্রদান কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় নতুন ও অভিজ্ঞদের অংশগ্রহণে প্রায় ৫০ জন মৎস্য উদ্যোক্তা উপস্থিত ছিলেন। এদের মধ্যে ১৩ জন মৎস্য চাষিকে সফল উদ্যোক্তা হিসেবে সম্মাননা প্রদান করা হয়। সম্মাননা প্রাপ্ত চাষিরা হলেন, তন্ময় সেন (লিড ফার্মার), ইলা বিশ্বাস (আধা-নিবিড়), হৃদয় শেখ (রেডি টু কুক), বিনা রায় বল্লভ (বিকল্প কর্মসংস্থান), মনির হালদার ও বিষ্ণুপদ বিশ্বাস (দ্রুত বর্ধনশীল মাছ), সুলতানা নাজমিন মিতা (রেডি টু ইট), হাসান মিনা ও বিজন সরকার (প্রোবায়োটিক), মাবিয়া রহমান ইমন (সোশ্যাল মিডিয়ায় প্রগতিশীল উদ্যোক্তা), আওলাদ মোল্লা (আড়তের মান উন্নয়ন), বিপন বসু (ফার্ম মেকানাইজেশন) ও তন্ময় ঠাকুর (আইওটি প্রদর্শনী)। সম্মাননা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মৎস্য কর্মকর্তা বিজন কুমার নন্দী।



## চেক বিতরণ কর্মসূচি আয়োজন

গোপালগঞ্জের মৎস্য সংশ্লিষ্ট উদ্যোক্তাদের জীবনমান উন্নয়নে 'আরএমটিপি' প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে নভেম্বর ২০২৫ মাসে গোপালগঞ্জের ১৫ জন মৎস্য সংশ্লিষ্ট উদ্যোক্তাকে বিভিন্ন খাতে অনুদান সহায়তা স্বরূপ চেক বিতরণ করা হয়েছে। সহায়তা প্রাপ্ত মৎস্য উদ্যোক্তারা হলেন, বাজার উন্নয়নে মাহমুদা খানমকে ৫০ হাজার টাকা ও মো. জামাল শেখকে ৫০ হাজার টাকা; নার্সারি প্রদর্শনীর জন্য বিকাশ রায়কে ২৫ হাজার টাকা ও তাশরিফ নাইম তাজুলকে ২৫ হাজার টাকা; আইওটি ডিভাইসের জন্য আল আমিন মোল্ল্যাকে ২৫ হাজার টাকা, আলমগীর হোসেনকে ১,০৫,০০০ টাকা ও হোসেন সিকদারকে ১,০৫,০০০ টাকা; রেডি টু ইট প্রদর্শনীর জন্য মইন শেখকে ৫০ হাজার টাকা; কর্মক্ষেত্রে শোভন কর্মপরিবেশ সৃষ্টির জন্য মন্টু শেখকে ২ লক্ষ টাকা; ফার্ম মেকানাইজেশন প্রদর্শনীর জন্য নিখিল বসুকে ৪০ হাজার টাকা; ফার্ম মেকানাইজেশনের জন্য রাজিব শেখকে ৪০ হাজার টাকা; প্রোবায়োটিক প্রদর্শনীর জন্য বরুণ বৈরাগীকে ৩৫ হাজার টাকা, রিপন মোল্লাকে ৩৫ হাজার টাকা; ও বিলায়েত মোল্ল্যাকে ৩৫ হাজার টাকা এবং কালো সৈনিক পোকা প্রদর্শনীর জন্য ফরহাদ হোসেনকে ৫০ হাজার টাকা প্রদান করা হয়। উক্ত চেক বিতরণ অনুষ্ঠানে পদক্ষেপ এর বিভিন্ন কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

## নভেম্বর ২০২৫ মাসে ২১ জনকে নিয়োগ দিয়েছে 'পদক্ষেপ'


| ক্র. নং | প্রধান কার্যালয়/ জোন/প্রোজেক্ট | পদের নাম | সংখ্যা | কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | প্রধান কার্যালয় | ম্যানেজার | ২ | আইসিটি বিভাগ |
| | | সহকারী ম্যানেজার | ১ | |
| ২ | সমৃদ্ধি প্রকল্প | শিক্ষক | ২ | সুনামগঞ্জ |
| | | স্বাস্থ্য পরিদর্শক | ৩ | সুনামগঞ্জ |
| ৩ | ঢাকা উত্তর জোন | অফিস সহকারী | ১ | বর্মী |
| ৪ | MF | CM-1/ABM (L)/ABM (AC) | ১২ | বিভিন্ন জোন |
| | মোট | | ২১ | |

প্যালেডিয়াম
নিরাপদ স্ট্রিট ফুড মার্কেট



## আপনি জানেন কি...?

নুডলসের ইতিহাস এখনও অমীমাংসিত। অনেকেই মনে করেন এটি চীনে উদ্ভূত, আবার কেউ কেউ আরব ও ইউরোপীয় উৎসের কথাও উল্লেখ করেন। তবে ৪০০০ বছর আগের চীনে নুডলস খাওয়ার প্রমাণ পাওয়া গেছে। ২০০৫ সালে চীনে প্রত্নতাত্ত্বিকরা মাটির পাত্রে ফক্সটেইল মিলেট ও ব্রুমকর্ণ মিলেট খুঁজে পান। লিখিত নথিতে নুডলসের উল্লেখ পাওয়া যায় ২৫-২২০ খ্রিস্টপূর্বে, পূর্ব হান সাম্রাজ্যের সময়। হান রাজত্বে গমের ময়দার খামির থেকে নুডলস তৈরি হত। ট্যাং সাম্রাজ্যে নুডলস কেটে সুতার আকার দেওয়া শুরু হয়, আর ইউয়ান সাম্রাজ্যে শুকনো নুডলসের প্রচলন হয়।



## নভেম্বর ২০২৫ মাসে 'রেমিটেন্স' লেনদেন সংক্রান্ত তথ্য

| | |
|---|---|
| সুবিধাভোগী<br>৪২৭<br>জন | অর্থ প্রদান<br>১১,০৬৪,১৯৯<br>টাকা |
| এ পর্যন্ত সুবিধাভোগী<br>১,৬৬.৩৯৭<br>জন | এ পর্যন্ত অর্থ প্রদান<br>৫,৩৬৬,৯২৯,৯৮৩<br>টাকা |

# 'আইসিবিসি' প্রকল্পের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম



## শিশুযত্ন কেন্দ্র ও সাঁতার প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন

বাংলাদেশ শিশু একাডেমির সহযোগিতায় এবং পদক্ষেপ কর্তৃক বাস্তবায়িত "সমাজ ভিত্তিক সমন্বিত শিশুযত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুর প্রারম্ভিক বিকাশ ও সুরক্ষা এবং সাঁতার সুবিধা প্রদান (আইসিবিসি)" প্রকল্পের আওতায় গত ২ নভেম্বর ২০২৫ তারিখে নরসিংদী জেলার মনোহরদী উপজেলায় অবস্থিত শিশুযত্ন কেন্দ্র ও সাঁতার প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেন প্রোগ্রাম কো-অর্ডিনেটর, জাহিদুল হক খান। পরিদর্শনকালে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন চ্যানেল ওয়ান, গাজী টিভি, চ্যানেল আই, একাত্তর টিভি, বাংলাদেশ টাইমস, ইত্তেফাক, জাগো নিউজসহ দেশের বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকবৃন্দ। জাহিদুল হক খান, শিশু যত্নকারী, সাঁতার প্রশিক্ষণার্থী ও অভিভাবকদের সঙ্গে পারস্পরিক মতবিনিময় করেন। তিনি শিশুর উপস্থিতি, যত্নকারীদের কার্যক্রম, সাঁতার প্রশিক্ষণের ধাপ ও শিক্ষণ পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে চান এবং প্রকল্পের বিভিন্ন বাস্তবায়িত কার্যক্রম সম্পর্কে অবহিত হন। সাংবাদিকগণ প্রকল্পের কার্যক্রম ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করেন এবং স্থানীয় জনগণের সঙ্গে কথা বলে এর ইতিবাচক প্রভাব সম্পর্কে ধারণা নেন। পরিদর্শন শেষে সকলে প্রকল্পের ভবিষ্যৎ সাফল্য কামনা করেন এবং এ ধরনের উদ্যোগের ধারাবাহিকতা বজায় রাখার আহ্বান জানান।

## শিশুদের টাইফয়েড টিকা প্রদান



জাতীয় টাইফয়েড টিকাদান কর্মসূচি ২০২৫ (Typhoid Conjugate Vaccine – TCV) এর আওতায় ২ নভেম্বর ভোলা ও ৪ নভেম্বর নরসিংদী জেলার মনোহরদী উপজেলায় এবং ২০ নভেম্বর ২০২৫ লক্ষ্মীপুরে প্রকল্পভুক্ত শিশুযত্ন কেন্দ্রগুলোর ১ থেকে ৫ বছর বয়সী শিশুদের TCV টিকা প্রদান করা হয়েছে। বাংলাদেশ সরকারের জাতীয় টিকাদান কর্মসূচির অংশ হিসেবে আয়োজিত কার্যক্রমে শিশুরা টিকা গ্রহণ করে। কার্যক্রমটি বাংলাদেশ শিশু একাডেমির সহযোগিতায় 'আইসিবিসি' প্রকল্পের আওতায় পদক্ষেপ কর্তৃক পরিচালিত হচ্ছে। শিশুযত্ন কেন্দ্রের অভিভাবকরা এই উদ্যোগকে স্বাগত জানান এবং এ ধরনের জনস্বাস্থ্য উদ্যোগের ধারাবাহিকতা বজায় রাখার আহ্বান জানান।




## বিশ্ব দৃষ্টি দিবস উপলক্ষে ৫ দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

চোখের প্রাথমিক চিকিৎসা ও দৃষ্টিস্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অরবিস ইন্টারন্যাশনাল ও মাজহারুল হক বিএনএসবি আই হসপিটাল, চাঁদপুর এর যৌথ উদ্যোগে শুরু হয়েছে পাঁচদিনব্যাপী একটি কর্মশালা। পরীক্ষামূলকভাবে এই কর্মশালায় অংশ নিচ্ছেন 'আইসিবিসি' প্রকল্পের এক হাজার যত্নকারীর মধ্যে নির্বাচিত ২৬৮ জন যত্নকারী। বিশ্ব দৃষ্টি দিবস ২০২৫ এর প্রতিপাদ্য "আপনার চোখকে ভালোবাসুন (Love Your Eyes)" স্লোগানকে সামনে রেখে আয়োজিত এই প্রশিক্ষণ কার্যক্রমটি ২৮ অক্টোবর থেকে ২ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণটি মোট ৯টি ব্যাচে ২৬৮ জন যত্নকারী এবং ১টি ব্যাচে পদক্ষেপ এর ৩৯ জন কর্মীকে অন্তর্ভুক্ত করে পরিচালিত হয়। ২৮ অক্টোবর চাঁদপুর সদরের যত্নকারীদের অংশগ্রহণে প্রথম ব্যাচের কর্মশালা শুরু হয়। কর্মশালার প্রথম ব্যাচে অংশগ্রহণ করেন পদক্ষেপ এর কর্মীবৃন্দ। উদ্বোধনী দিনে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলার 'আইসিবিসি' প্রকল্পের প্রোগ্রাম কো-অর্ডিনেটর নুরুন নাহার রিপা, সহকারী প্রকল্প ব্যবস্থাপক মোঃ মোরশেদ আলী, চাঁদপুর জেলার মাজহারুল হক বিএনএসবি আই হসপিটাল এর কো-অর্ডিনেটর মোঃ শামীম খান, এবং অরবিস ইন্টারন্যাশনাল এর প্রোগ্রাম ম্যানেজার আফরোজা ইয়াসমিন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা চোখের প্রাথমিক সমস্যা চিহ্নিতকরণ, প্রাথমিক চিকিৎসা প্রদানের কৌশল এবং শিশুদের চোখ পরীক্ষা পরিচালনার ব্যবহারিক বিষয়ে অনুশীলন করেন। অরবিস ইন্টারন্যাশনাল ও মাজহারুল হক বিএনএসবি আই হসপিটালের প্রতিনিধিরা জানান, এই প্রশিক্ষণের মাধ্যমে শিশুযত্ন কেন্দ্রের যত্নকারীরা পর্যায়ক্রমে সব শিশুদের চোখ পরীক্ষা করাতে সক্ষম হবেন। এছাড়া যাদের চোখে সমস্যা রয়েছে, তাদেরকে রেফারেল প্রক্রিয়ার মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে চিকিৎসা প্রদান করা হবে। তারা আরও জানান, আর্থিকভাবে অসচ্ছল পরিবারের শিশুদের জন্য বিনামূল্যে চক্ষু চিকিৎসা প্রদান করা হবে, যাতে কোনো শিশুই দৃষ্টিসংক্রান্ত সমস্যার কারণে পিছিয়ে না পড়ে। প্রশিক্ষণটি আইসিবিসি প্রকল্পের কার্যক্রমে একটি নতুন দিগন্ত উন্মোচন করেছে, যা শুধুমাত্র শিশুর প্রারম্ভিক বিকাশ নয় বরং তাদের স্বাস্থ্য ও দৃষ্টিসুরক্ষার ক্ষেত্রেও এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বিবেচিত হচ্ছে।

## প্রকল্পের সমন্বয় সভা অনুষ্ঠিত



গত ০৬ নভেম্বর প্রকল্পের চুক্তিবদ্ধ এনজিওগুলোর ফোকাল পারসন, মাঠ পর্যায়ের প্রোগ্রাম কো-অর্ডিনেটর, সংশ্লিষ্ট জেলা শিশু বিষয়ক কর্মকর্তা এবং প্রকল্পের কারিগরি সহযোগী সংস্থার প্রতিনিধিদের নিয়ে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) মোঃ আব্দুল কাদির এবং সভা সঞ্চালনা করেন প্রোগ্রাম ম্যানেজার মোঃ তারিকুল ইসলাম চৌধুরী। সভায় অংশগ্রহণকারীরা প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তারা শিশুর প্রারম্ভিক বিকাশ, যত্ন ও সুরক্ষা নিশ্চিতকরণে মাঠপর্যায়ের কার্যক্রমকে আরও গতিশীল করার ওপর গুরুত্ব আরোপ করেন। এ সময় পদক্ষেপ এর প্রোগ্রাম উইং এর যুগ্ম পরিচালক আনিস হোসেন চৌধুরী উপস্থিত ছিলেন। তিনি সংক্ষিপ্ত বক্তব্যে প্রকল্পের আওতায় চাঁদপুর, নরসিংদী, ভোলা ও লক্ষ্মীপুর জেলায় পদক্ষেপ এর বাস্তবায়নাধীন কার্যক্রমের অগ্রগতি তুলে ধরেন।




## শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশ (ইসিসিডি) বিষয়ক ওরিয়েন্টেশন

'আইসিবিসি' প্রকল্পের আওতায় ৫ নভেম্বর ২০২৫ তারিখে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে 'শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশ' বিষয়ক জেলা পর্যায়ের ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লক্ষ্মীপুরের জেলা প্রশাসক রাজীব কুমার সরকার। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সম্রাট খীসা, সিভিল সার্জন ডা. মোহাম্মদ আবু হাসান শাহীন, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. সাজ্জাদ এবং অধ্যক্ষ (অব.) প্রফেসর মো. মাইন উদ্দিন পাঠান। জেলা ইসিসিডি কমিটির সদস্যরাও ওরিয়েন্টেশনে অংশগ্রহণ করেন। ওরিয়েন্টেশনে সভাপতিত্ব করেন জেলা শিশু বিষয়ক কর্মকর্তা মোঃ কাউছার আহমেদ। তিনি অনুষ্ঠানের মূল লক্ষ্য, উদ্দেশ্য এবং 'আইসিবিসি' প্রকল্পের সারসংক্ষেপ তুলে ধরেন। বাংলাদেশ ইসিসিডি নেটওয়ার্কের প্রতিনিধি মোঃ শহিদুল্লাহ শরিফ শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের গুরুত্ব, ২০১৩ সালের জাতীয় ইসিসিডি নীতিমালা এবং জাতীয় ও জেলা পর্যায়ের ইসিসিডি কমিটির ভূমিকা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া পদক্ষেপ এর কার্যক্রম সমন্বয়কারী মিনহাজ হাসান সুজন 'আইসিবিসি' প্রকল্পের অগ্রগতি এবং মাঠপর্যায়ের বাস্তবায়ন কার্যক্রম সম্পর্কে তথ্য উপস্থাপন করেন। তিনি জানান, লক্ষ্মীপুর সদর উপজেলায় ১৭৫টি, কমলনগরে ১৬২টি এবং রামগতি উপজেলায় ১৬৩টি শিশুযত্ন কেন্দ্রের মাধ্যমে ১ থেকে ৫ বছর বয়সী শিশুদের জন্য যত্ন ও বিকাশমূলক কার্যক্রম চলছে। একই সঙ্গে ৬ থেকে ১০ বছর বয়সী শিশুদের নিরাপদ সাঁতার প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে, যাতে তারা পানিতে ডুবে যাওয়ার ঝুঁকি থেকে সুরক্ষিত থাকতে পারে। অনুষ্ঠানে বক্তারা আশা প্রকাশ করেন, জেলা পর্যায়ে এ ধরনের উদ্যোগ শিশুর সার্বিক বিকাশ ও সুরক্ষা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এবং প্রকল্পের মাধ্যমে বাংলাদেশের প্রারম্ভিক শিশুবিকাশ কর্মসূচি আরও গতিশীল হবে।

## শিশুযত্ন কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত

বাংলাদেশ শিশু একাডেমির সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন "সমাজভিত্তিক সমন্বিত শিশুযত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুর প্রারম্ভিক বিকাশ ও সুরক্ষা এবং সাঁতার সুবিধা প্রদান (আইসিবিসি)" প্রকল্পের আওতায় গত ০৩ নভেম্বর ২০২৫ তারিখে ভোলা সদর উপজেলার ৩নং পশ্চিম ইলিশা ইউনিয়নের চরপাতা গ্রামের পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির অফিস কক্ষে 'শিশুযত্ন কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির সভা' অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ মিজান বকশি (সদস্য, ১নং ওয়ার্ড)। সভায় উপস্থিত ছিলেন কমিটির সদস্যগণ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সংশ্লিষ্ট শিশুযত্ন কেন্দ্রের যত্নকারীগণ। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইসিবিসি প্রকল্প এর প্রোগ্রাম কো-অর্ডিনেটর মোঃ হারুন-অর-রশিদ। এছাড়াও উপস্থিত ছিলেন ইসিসিডি অফিসার, সিসিসিএস, সদস্য সচিব ও শিশুযত্ন কেন্দ্রের যত্নকারী এবং সহকারী যত্নকারীগণ। সভায় উপস্থিত সদস্যবৃন্দ কেন্দ্রের উন্নয়ন ও শিশুদের কল্যাণে একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।




## অভিভাবক সভা




প্রকল্পের আওতায় নরসিংদীর মনোহরদী উপজেলায় গত ১৮ নভেম্বর ২০২৫ তারিখে অভিভাবক সভা অনুষ্ঠিত হয়েছে। সভার উদ্দেশ্য ছিল, শিশুযত্ন কেন্দ্রের কার্যাবলি সম্পর্কে শিশুর অভিভাবকদের অবহিত করা ও কেন্দ্রের বিভিন্ন কর্মসূচিতে তাদের অংশগ্রহণের জন্য উৎসাহিত করা। এছাড়া শিশুর প্রারম্ভিক বিকাশের জন্য শিশু লালন-পালন ও পরিচর্যা বিষয়ক বয়স উপযোগী সেবা-যত্ন এবং তথ্যাদি প্রদান; পজেটিভ প্যারেন্টিং সম্পর্কে মা-বাবা ও অভিভাবকদের আচরণগত পরিবর্তন আনা। অভিভাবক সভায় মোট ১২টি সেশনের আয়োজন করা হয়। সেশনের আলোচ্য বিষয় হিসেবে প্রারম্ভিক বিকাশের গুরুত্ব, ইতিবাচকভাবে শিশু লালন পালনের উপায়, যত্ন, পুষ্টি, সুরক্ষাসহ গুরুত্বপূর্ণ বেশ কিছু বিষয় নিয়ে আলোচনা করা হয়। একইভাবে শিশু ও শিশুর মা-বাবার মানসিকভাবে ভালো থাকার বিভিন্ন উপায় ও মা-বাবা এবং পরিবারের করণীয় সম্পর্কে আলোচনা করা হয়। এছাড়াও শিশুর সাথে গুণগত সময় কাটানো, খেলার মাধ্যমে কীভাবে শিশুর সাথে আনন্দময় সময় কাটানো যায় তা তুলে ধরা হয়। উক্ত সভার মাধ্যমে কেন্দ্রের কার্যক্রমের সাথে অভিভাবকদের সম্পৃক্তা বাড়ানোর বিভিন্ন উপায় নিয়ে আলোচনার পাশাপাশি যত্নকারী, মা-বাবা ও অভিভাবক এবং কমিউনিটির মধ্যে একটি সেতুবন্ধন গড়ে ওঠে।

### নভেম্বর ২০২৫ মাসের 'পিআইডিএম' থেকে সেবা গ্রহণ সংক্রান্ত তথ্য

| মাসের নাম | সংস্থার সংখ্যা | অংশগ্রহণকারী | মিটিং/পরীক্ষা/কর্মশালা | ট্রেনিং সংখ্যা | পদক্ষেপ স্টাফ | অন্যান্য সংস্থা স্টাফ |
|---|---|---|---|---|---|---|
| **নভেম্বর' ২৫** | ২৭টি | ৮৬২ জন | ০৮ মিটিং | ০৩ টি ট্রেনিং | ৪৮২ জন | ৩৮০ জন |

# আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্টের (২য় পর্যায়) উন্নয়ন কার্যক্রম



## বিনামূল্যে মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট (২য় পর্যায়) এর আওতায় গত ১১, ২০, ২২ ও ২৫ নভেম্বর ২০২৫ তারিখে জামালপুর পৌরসভা পিএ-১ নগর মাতৃসদনের পক্ষ থেকে রশিদপুর, ডেফুলীবাড়ী উচ্চ বিদ্যালয় এবং নান্দিনা প্রাথমিক বিদ্যালয় মাঠে বিনামূল্যে মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়। ক্যাম্পে স্থানীয় জনগণের জন্য রক্তচাপ ও ওজন মাপা, রক্তপরীক্ষা, গর্ভবতী মা ও কিশোরীদের স্বাস্থ্য শিক্ষা প্রদান এবং পুষ্টিকর খাবার বিতরণসহ বিভিন্ন প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। ক্যাম্পে গর্ভবতী নারী, কিশোরী, শিশু ও বয়োবৃদ্ধসহ মোট ১৮০ জন উপকারভোগী বিনামূল্যে সেবা গ্রহণ করেন। ডাক্তার, ক্লিনিক ম্যানেজার, ফ্যামিলি প্ল্যানিং কো-অর্ডিনেটর ও প্রকল্প ব্যবস্থাপকের সার্বিক সহযোগিতায় ক্যাম্প সফলভাবে সম্পন্ন হয়। অংশগ্রহণকারীদের মতে এ ধরনের আয়োজন সাধারণ মানুষের জন্য অত্যন্ত উপকারী, আর প্রকল্প বাস্তবায়নকারী কর্মকর্তাদের ভাষায়—এই উদ্যোগের লক্ষ্য নগর এলাকার মা, শিশু, কিশোরী ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য সহজলভ্য ও মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করা, যা স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধি ও প্রাথমিক চিকিৎসা গ্রহণে নাগরিকদের আগ্রহ বাড়িয়েছে।



## গর্ভবতী মায়েদের নিয়ে গ্রুপ মিটিং

পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় ১৬ নভেম্বর ২০২৫ তারিখে জামালপুরের কলাবাগান, পশ্চিম ফুলবাড়িয়া এলাকার নগর মাতৃসদন কেন্দ্রে গর্ভবতী মায়েদের নিয়ে একটি গ্রুপ মিটিং অনুষ্ঠিত হয়, যেখানে প্রকল্প ব্যবস্থাপক সভাপতিত্ব করেন। সভায় গর্ভবতী মায়েদের প্রসব-পূর্ব চার বার সেবা গ্রহণ, প্রসব-পরবর্তী সেবা, নরমাল ডেলিভারি ও সিজারিয়ান সেকশন সেবা স্বল্পমূল্যে গ্রহণ, অপুষ্ট শিশু ও মাতার পুষ্টি নিশ্চিতকরণ প্রভৃতি বিষয়ে আলোচনা করা হয়। প্রায় ৩০ জন গর্ভবতী মা ও তাদের অভিভাবকসহ ক্লিনিক ম্যানেজার, এমআইএস অফিসার, ফ্যামিলি প্ল্যানিং কো-অর্ডিনেটর এবং কাউন্সিলর উপস্থিত ছিলেন। দরিদ্র মানুষের কল্যাণে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করা হয়।



## মাসিক কর্মী সমন্বয় সভা অনুষ্ঠিত

প্রকল্পের আওতায় গত ২ নভেম্বর ২০২৫ তারিখে জামালপুর পৌরসভা পিএ -০১ এলাকার নগর মাতৃসদন কেন্দ্রে প্রকল্প ব্যবস্থাপকের সভাপতিত্বে মাসিক কর্মী সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ক্লিনিক ম্যানেজার, ডাক্তার, নার্স, প্যারামেডিক, ল্যাব টেকনিশিয়ান, প্রশাসনিক সহকারী, কাউন্সিলর, এফডাব্লিউভি, ফিল্ড সুপারভাইজার, এফডাব্লিউএ, আয়া, গার্ড ও ক্লিনিক এইডসহ সকল কর্মী উপস্থিত ছিলেন। সভায় ডেলিভারি ও সিজারিয়ান সেকশনের রোগীর সংখ্যা বৃদ্ধি, নিরাপদ সেবাদান, নির্ধারিত প্রসব তারিখ অনুযায়ী রোগীর সঙ্গে নিয়মিত যোগাযোগ রক্ষা, প্রাতিষ্ঠানিক ডেলিভারি নিশ্চিতকরণ, রেড কার্ডধারী রোগীদের বিনামূল্যে চিকিৎসা প্রদান, অপ্রয়োজনীয় সিজারিয়ান সেবা বন্ধ রাখা, নরমাল ডেলিভারি সেবা বৃদ্ধি এবং শহরের সকল দরিদ্র মানুষকে স্বাস্থ্যসেবার আওতায় আনার বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা ও দিক নির্দেশনা প্রদান করা হয়।

## নভেম্বর ২০২৫ মাসের কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান সংক্রান্ত তথ্য

### ফেরত প্রদান

| | |
|---|---|
| সিপিএফ ৫৭ জন | অর্থ ফেরত প্রদান ১,২৯,০৭,৫৪৮ টাকা |
| কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বিমা প্রোগ্রাম ৫৭ জন | অর্থ প্রদান ১৪,৬১,১৯৪ টাকা |
| কর্মী কল্যাণ তহবিল ৫৩ জন | অর্থ ফেরত প্রদান ৫,৪৬,১২৯ টাকা |

### অনুদান প্রদান

| | |
|---|---|
| কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বিমা প্রোগ্রাম ০৬ জন | অনুদানের অর্থ প্রদান ২১,১১,৩৭৮ টাকা |
| কর্মী কল্যাণ তহবিল ৫৫ জন | অনুদানের অর্থ প্রদান ২৯,৮৮,৪০০ টাকা |

# 'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম



## আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের আওতায় অনুদান ও উপকরণ বিতরণ

'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের আওতায় নভেম্বর ২০২৫ মাসে নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলায় বিভিন্ন অনুদান ও উৎপাদন উপকরণ বিতরণ করা হয়। এরমধ্যে গত ১২ নভেম্বর নিকলী সদর ইউনিয়নের ১ জন প্রাগ্রসর অতিদরিদ্র সদস্যকে একটি বকনা গরু, কেঁচো সার উৎপাদনের উপকরণ ও গরুর ঘর সেমিপাকা করার জন্য নগদ সহায়তা প্রদান করা হয়। পাশাপাশি হাওর এলাকায় মাছ ধরার পেশাকে শক্তিশালী করতে ২৮ অক্টোবর তারিখে নিকলী উপজেলার কারপাশা ও ছাতিরচর ইউনিয়নে ৬ জন সদস্যের মাঝে ৬টি ডিঙ্গি নৌকা ও ৬টি ঝাকি জাল এবং মিঠামইন ও অষ্টগ্রামে ৫ জন সদস্যকে ফিশিং গিয়ার তৈরির সরঞ্জাম বিতরণ করা হয়। এছাড়া ৩০ অক্টোবর তারিখে নিকলী ও মিঠামইনের ৪ জন সদস্যকে স্বাস্থ্যসম্মত শুঁটকি উৎপাদনের জন্য প্রয়োজনীয় উপকরণ এবং ২ জন সদস্যকে মুদি দোকান পরিচালনার উপকরণ সরবরাহ করা হয়। কৃষি মৌসুমে সহায়তার অংশ হিসেবে ১৪ ইউনিয়নের ২৬ জন সদস্যকে ব্রি ধান-৮৯, সার, কীটনাশক ও জমি প্রস্তুত বাবদ নগদ অর্থ প্রদান করা হয়। এছাড়াও ১১ জন সদস্যকে হাইব্রিড ভুট্টার বীজ এবং ১৬ জনকে নিরাপদ সবজি চাষের উপকরণ ও আর্থিক সহায়তা প্রদান করা হয়। কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ খাতে অষ্টগ্রামে ৩ জন নিঃস্ব সদস্যকে ঝালমুড়ি, ফুচকা ও আচার তৈরির উপকরণ বিতরণ করা হয়।

## নভেম্বর ২০২৫ মাসে প্রশিক্ষণ পেয়েছেন ২০০ জন

| প্রশিক্ষণ শিরোনাম | সংখ্যা | অংশগ্রহণকারীর পদবী | আয়োজনকারী |
|---|---|---|---|
| **অভ্যন্তরীণ প্রশিক্ষণ** | | | |
| বেসিক ওরিয়েন্টেশন | ১০৫ | প্রশিক্ষণার্থী হিসেবে নতুন নিয়োগপ্রাপ্ত কমিউনিটি ম্যানেজারগণ | পদক্ষেপ |
| দলীয় গতিশীলতা, সঞ্চয় ও ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা | ২৬ | ৩ মাস প্রশিক্ষণকাল উত্তীর্ণ কমিউনিটি ম্যানেজারগণ | পদক্ষেপ |
| হিসাব ও আর্থিক ব্যবস্থাপনা | ৩১ | সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (হিসাব) পদে পদোন্নতির জন্য প্যানেলভুক্ত কর্মীগণ | পদক্ষেপ |
| Padakhep Zonal Manager Workshop | ৩৪ | All Zonal Managers & Head Office Staff | পদক্ষেপ |
| **বহিঃ প্রশিক্ষণ** | | | |
| Microenterprise Management and Financing Strategy | ১ | সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার | পিকেএসএফ |
| Crisis Management in Microfinance Operations | ১ | সিনিয়র সহকারী পরিচালক ও রিজিওনাল ম্যানেজার | পিকেএসএফ |
| Training of Trainers (TOT) | ১ | সহকারী পরিচালক | পিকেএসএফ |
| Strengthening MFI Capacity for Designing and Delivering HMF | ১ | সহকারী পরিচালক | এমআরএ |

## সরকারি বিদ্যমান সেবাসমূহ অবহিতকরণ ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় কিশোরগঞ্জ জেলার অষ্টগ্রাম উপজেলা পরিষদ হলরুমে ৬ নভেম্বর ২০২৫ তারিখে সরকারি বিদ্যমান সেবাসমূহ অবহিতকরণ বিষয়ক একটি ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ দিলশাদ জাহানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে উপজেলা কৃষি অফিসার অভিজিৎ সরকারসহ মৎস্য, প্রাণিসম্পদ, মহিলা বিষয়ক, সমাজসেবা, যুবউন্নয়ন, পরিবার পরিকল্পনা, স্বাস্থ্য ও পিআইও দপ্তরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। বক্তারা তাদের নিজ নিজ দপ্তরের সেবাসুবিধা সম্পর্কে অবহিত করেন এবং দারিদ্র্য বিমোচনে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহের সমন্বিত উদ্যোগের ওপর গুরুত্বারোপ করেন। তারা উল্লেখ করেন যে মাঠপর্যায়ে সরকারের একার পক্ষে সব কার্যক্রম বাস্তবায়ন সম্ভব নয়; সমন্বিত প্রচেষ্টাই টেকসই উন্নয়ন নিশ্চিত করতে পারে। ওরিয়েন্টেশনে পিভিসি সদস্য, প্রতিবন্ধী সদস্য, সরকারি ও বেসরকারি প্রতিনিধি, জনপ্রতিনিধি, সাংবাদিকসহ মোট ৫২ জন অংশগ্রহণ করেন।




## কিশোরী ক্লাবে প্রতিযোগিতা অনুষ্ঠিত

গত ৮ থেকে ২৫ নভেম্বর ২০২৫ তারিখে নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলার ১০টি কিশোরী ক্লাবে 'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের আওতায় কিশোরীদের অংশগ্রহণে বিশেষ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়, যেখানে প্রায় ৩০০ কিশোরী উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে অংশগ্রহণ করে। দারিদ্র্য দূরীকরণ, সামাজিক অন্তর্ভুক্তি এবং কিশোরীদের নেতৃত্ব দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত এই প্রতিযোগিতায় বিতর্ক, কুইজ, উপস্থিত বক্তৃতা এবং সাংস্কৃতিক পরিবেশনা অন্তর্ভুক্ত ছিল। এমন কার্যক্রম কিশোরীদের সৃজনশীলতা, আত্মবিশ্বাস এবং সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং বাল্যবিবাহসহ বিভিন্ন ঝুঁকিপূর্ণ সামাজিক সমস্যা মোকাবিলায় তাদের প্রস্তুত হতে সহায়তা করে। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং প্রকল্পের ঊর্ধ্বতন কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত থেকে কিশোরীদের অংশগ্রহণকে উৎসাহিত করেন।